

এআই-এর যুগেও বহাল তবিয়েতে চড়ক পুজো

কলকাতা, ১৩ এপ্রিল : বাংলা বছরের শেষদিনে শনিবার নানা স্থানে পালিত হচ্ছে চড়ক পুজো। আর্টিফিসিয়াল ইনটেলিজেন্সের যুগেও বাংলা পঞ্জিকা অনুযায়ী চৈত্র মাসের শেষ দিন অর্থাৎ চৈত্র সংক্রান্তিতে পালিত হচ্ছে এই পুজো। এটি বাঙালি হিন্দু সম্প্রদায়ের অন্যতম গুরুত্বপূর্ণ লোক উৎসব। নববর্ষের প্রথম দু-তিন দিন ধরে চড়ক উৎসব চলে। লিঙ্গপুরাণ, বৃহদ্রম্‌পুরাণ এবং ব্রহ্মবৈবর্তপুরাণে চৈত্র মাসে শিবের আরাধনার কথা বলা থাকলেও চড়ক পুজোর উল্লেখ নেই। তবে পাশ্চপত সম্প্রদায় প্রাচীন কালে এই উৎসব পালন করত। চড়ক পুজোর মূলে রয়েছে ভূতপ্রেত ও পুনর্জন্মবাদের প্রতি বিশ্বাস। চড়ক পুজোর সবচেয়ে উল্লেখযোগ্য বিষয়টি হল দৈহিক যন্ত্রণা। শারীরিক কষ্টকে চড়ক পুজোর এক বিশেষ অঙ্গ বলে মনে করা হয়। চড়কগাছে ভক্ত বা সন্ন্যাসীকে লোহার হুড়কা দিয়ে ঢাকার সঙ্গে বেঁধে দ্রুতবেগে ঘোরানো হয়। তাঁর পিঠে, হাতে, পায়ে, জিতে এবং শরীরের বিভিন্ন অঙ্গে বাণ শলাকা বিধিয়ে দেওয়া হয়। কখনও কখনও জ্বলন্ত লোহার শলাকা তাঁর গায়ে ফুঁড়ে দেওয়া হয়। ১৮৬৫ খ্রিস্টাব্দে ব্রিটিশ সরকার আইন করে এই উত্‌সব বন্ধ করে। তবে গ্রামবাংলার যে সব অঞ্চল মূলত কৃষিপ্রধান সেখানেই চড়কপুজো পালিত হয়ে আসছে। খাস কলকাতায় বিভিন স্ট্রিটে ছাতুবাবুর বাজারে বসেছে চড়ক উৎসব।

প্রচারে ডায়মন্ডহারবার কেন্দ্রের সিপিআইএম প্রার্থী প্রতীক উর রহমান

দূরন্ত বার্তা, ডায়মন্ডহারবার, ১৩ এপ্রিল: তীব্র দাবদাহকে উপেক্ষা করে শনিবার প্রচারে নামলেন ডায়মন্ডহারবার কেন্দ্রের সিপিআইএম প্রার্থী প্রতীক উর রহমান। এদিনই ছিল তার প্রচারের প্রথম দিন। মহেশতলা থেকে প্রচার শুরু করেন প্রতীক উরা। প্রথমে পুরাতন ডাকঘরে আবুল বাসার ভবন থেকে ব্যানাজীহাট পর্যন্ত পদযাত্রা তারপর বাটা মোড় থেকে দুল্লী মোড় হয়ে মল্লিক বাজার পর্যন্ত হয় পদযাত্রা করেন তিনি । এদিনের পদযাত্রায় সিপিআইএম কনী সমর্থকদের ভিড় ছিল চোখে পড়ার মতো।

গোডাউন একটাই কিন্তু শোরুম দুটো আলাদা : সৃজন ভট্টাচার্য

দূরন্ত বার্তা, সোনারপুর, ১৩ এপ্রিল : শনিবার রাজপুর সোনারপুর পুরসভার ৩২ নম্বর ওয়ার্ডে প্রচারে বেরিয়ে তৃণমূলকে তোপ দাগলেন যাদবপুর কেন্দ্রের বাম প্রার্থী সৃজন ভট্টাচার্য। সৃজনের বক্তব্য অর্জুন সিং, মুকুল রায়, রাজীব বন্দ্যোপাধ্যায়, সব্যসাচী, বাবুল সুপ্রিয় এদের দেখলেই ছবিটা পরিষ্কার হয়ে যাবে। বিজেপির যে কেউ যে কোনদিন তৃণমূলে চলে আসতে পারে। আবার সায়নী ঘোষ ও চলে যেতে পারে বিজেপিতে । দুই দলকে কটাক্ষ করে তার বক্তব্য গোডাউন একটাই কিন্তু শোরুম দুটো আলাদা। দলীয় কনী সমর্থকদের নিয়ে ৩২ নম্বর ওয়ার্ডের বিভিন্ন জায়গা পরিক্রমা করেন তিনি। প্রচারে বেরিয়ে ৩২ নম্বর ওয়ার্ডের পৌরপিতা বরুন সরকারের সঙ্গে ও সৌজন্য সাক্ষাৎ করেন তিনি।

হাওড়ার জগৎবল্লভপুরে বিধায়কের গাড়ি ঘিরে বিক্ষোভ তৃণমূল কর্মীদের

দূরন্ত বার্তা, হাওড়া, ১৩ এপ্রিল : হাওড়ার জগৎবল্লভপুরে বিধায়কের সামনেই ক্ষোভে ফেটে পড়েন এলাকার বেশ কিছু ক্ষু্ণ তৃণমূল কর্মী। অভিযোগ, গত পঞ্চায়েত ভোটে যারা দলের হয়ে টিকিট পায়নি তাঁদের অনেকেই সেসময় দলবিরোধী বিভিন্ন কাজ করেছিলেন। উচ্চ নেতৃত্ব জানিয়ে দিয়েছিল তাঁদেরকে আর কোনওমতেই দলে নেওয়া হবেনা। কিন্তু শুক্রবার এক অনুষ্ঠানে বিধায়কের উপস্থিতিতে পঞ্চায়েত ভোটে দিলল প্রার্থী হিসেবে ভোটে দাঁড়ানো এক পঞ্চায়েত সদস্য এবং তাঁর অনুগামীদের ফের দলে যোগদান করানোয় সেই নিয়ে স্থানীয় বেগুড়ী পঞ্চায়েতের তৃণমূলের অন্যান্য সদস্যরা এবং সমর্থকরা মিলে এর প্রতিবাদে বিক্ষোভ দেখান। বিক্ষোভকারীদের দাবি অঞ্চলের কোনও নেতৃত্বকে না জানিয়েই এদের ফের দলে যোগদান করানো হয়েছে। এতে দলের ক্ষতি হয়েছে। যদিও এ বিষয়ে বিধায়কের বক্তব্য জানা যায়নি।

নির্বাচনের প্রথম থেকে শেষ কোনো হিংসা বরদাস্ত করা হবে না : কমিশন

দূরন্ত বার্তা, কলকাতা, ১৩ এপ্রিল : লোকসভা নির্বাচনের প্রথম থেকে শেষ কোনও পর্যায়ে কোনওরকম হিংসা বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট ভাষায় জানিয়েছে। এদিন সকাল থেকে কমিশনের কর্তারা প্রথম দফার তিনটি জেলা কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারের জেলাশাসক, পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসেন। দিল্লি থেকে ভিডিয়ো কনফারেন্সে সেই বৈঠকে আইন-শৃঙ্খলা নিয়ে জেলাগুলিকে কড়া বার্তা দেওয়া হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। ভোটের সব পর্যায়েই পরাঁও সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হবে বলেও কমিশন কর্তারা আশ্বাস দিয়েছেন। প্রথম দফার নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি ওই তিন জেলার ভোটাররা যাতে নিশ্চিন্তে ভোট দিতে আসতে পারেন এবং ভোট শেষ হলে যাতে কোথাও কোনওরকম হিংসা বা সন্ত্রাস না হয়, সেই বিষয়টির উপরে কড়া নজর দিতে বলছে নির্বাচন কমিশন। এর পাশাপাশি জেলা প্রশাসনের পাশাপাশি পুলিশ সুপার এবং কমিশনারদেরকে নিরপেক্ষভাবে কাজ করার নির্দেশও দেওয়া হয়েছে।

শুধু তাই নয়, ভোটের দিন প্রতি এক ঘণ্টা অন্তর ভোট প্রক্রিয়া কটটা এগালে, কোথায় কী ধরনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি রয়েছে, তা নিয়ে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে । এর পরে সেই রিপোর্ট পাঠানো হবে দিল্লিতে।

প্রতি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগের সিদ্ধান্ত

দূরন্ত বার্তা, কলকাতা, ১৩ এপ্রিল : রাজ্যে আসম লোকসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর যথাযথ ব্যবস্থার নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রতি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। জেলাস্তরে কন্ট্রোল রুমে'র সঙ্গে সমন্বয় রক্ষার জন্যই কেন্দ্রীয় বাহিনীর এই এক জন অতিরিক্ত নোডাল অফিসার নিয়োগ করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের তরফে সব জেলাশাসক তথা জেলার নির্বাচনী আধিকারিককে এই নির্দেশ পাঠানো হয়েছে। এর আগে ৬ এপ্রিল দুই বিশেষ পর্যবেক্ষকের সঙ্গে বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। টিক করা হয়েছিল, জেলা স্তরে এক জন নোডাল অফিসারকে নিযুক্ত করা হবে, যিনি জেলায় জেলায় সব কটি কন্ট্রোল রুমে'র মধ্যে যোগসূত্র বজায় রাখবেন। এই নোটিস ইতিমধ্যেই রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা তথা রাজ্যের নোডাল পুলিশ অফিসার আনন্দ কুমার এবং রাজ্যে কেন্দ্রীয় বাহিনীর সমন্বয়কারী বা কোঅর্ডিনেটর, আইজি সিআরপিএফ বি কে শর্মাকেও পাঠানো হয়েছে।

ভোট গ্রহন শুরুর পরে প্রতি ঘন্টায় রিপোর্ট জমা দিতে হবে, নির্দেশ কমিশনের



দূরন্ত বার্তা, কলকাতা, ১৩ এপ্রিল : আগামী উনিশে এপ্রিল প্রথম দফায় রাজ্যের যে তিন আসনে ভোট নেওয়া হবে সেই কেন্দ্রগুলিতে ভোট গ্রহন শুরুর পরে প্রতি ঘন্টায় রিপোর্ট জমা দিতে হবে বলে নির্বাচন কমিশন জেলার চিটামির আধিকারিকদের নির্দেশ দিয়েছে। কমিশনের আধিকারিকরা আজ আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহার জেলার জেলাশাসক, জেলা পুলিশ সুপার ও পুলিশ কমিশনারের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেই বৈঠকে এই নির্দেশ দেওয়া ছাড়াও প্রশাসনকে নিরপেক্ষ ভাবে কাজ করার কথা বলা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। নির্বাচনের দিন কোথাও বেন কোথাও হিংসার ঘটনা না ঘটে তা সুনিশ্চিত করার কথা বলা হয়েছে।

বাঘের আক্রমনের মুখ থেকে জীবিত অবস্থায় ফিরে এলো সুন্দরবনের এক মউলে

ভর্তি করা হলো কলকাতার হাসপাতালে, সরকারি সাহায্যের আবেদন এপিডিআর সংগঠনের

দূরন্ত বার্তা, জয়নগর, ১৩ এপ্রিল: বছরের শেষে মৃত্যুর মুখ থেকে বেঁচে ফিরলো সুন্দরবনের এক মউলে। গত বুধবার সুন্দরবনের মৈপীঠ উপকূল থানার গুডগুড়িয়া ভুবনেশ্বরী গ্রাম পঞ্চায়েতের পয়লা ঘেরি গ্রামের তপন খাঁড়া নামে এক মউলে জয়দের খাঁড়া, গণেশ খাঁড়া,গুরুপদ খাঁড়া ও বাসুদেব মন্ডলকে সাথে নিয়ে সুন্দরবনের আজমালীর জঙ্গলে যায় মধু সংগ্রহ করতে। আর শনিবার সকালে জঙ্গলে মধু সংগ্রহের সময় পিছন থেকে আচমকা একটি বাঘ তপনের ঘাড়ের ওপর পড়ে তাড় করে গভীর জঙ্গলে নিয়ে যেতে চাইলে তাঁর সাথে থাকা সঙ্গীরা বাঘের সাথে লড়াই করে বাঘের মুখ থেকে তপন



চালিয়ে ধর্মের আবেগ দিয়ে দাঙ্গা ফ্যাসাদ লাগানোর প্রয়াস। আমাদের

স্বস্তির দিন আপাতত শেষ, কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ফের বাড়বে তাপের দাপট

কলকাতা, ১৩ এপ্রিল : স্বস্তির দিন আপাতত শেষ, এমনটাই জানিয়ে দিল আলিপুর আবহাওয়া দফতর। কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ফের বাড়বে তাপের দাপট। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কয়েক দিন দক্ষিণবঙ্গের কোথাও আর বৃষ্টির সম্ভাবনা নেই।



কলকাতা, ১৩ এপ্রিল : “আমাদের সময় এই দিনটি ছিল অন্যরকম আনন্দের দিন। তখন গরম থাকলেও এত ভয় ছিল না। এখন তো শুষ্কই হিট স্ট্রোকের ভয়। আমরা মাথায় কমাাল জড়িয়ে কলেজ স্ট্রিটে যেতাম। কেউ ছাতা ব্যবহার করত না। সেই যাওয়ার মধ্যেই ছিল প্রথম আনন্দ। বাংলা নববর্ষের প্রথম দিনের স্মৃতি এভাবেই রোমন্থন করেছেন প্রবীন সাহিত্যিক সঞ্জীব চট্টোপাধ্যায়। তাঁর কথায়, “পয়লা বৈশাখ এখন শুষ্কই স্মৃতি। কারণ কলেজ স্ট্রিট অগের মতো পয়লা বৈশাখ পালন হয় না। এখন বিভিন্ন জায়গায় বইলো অনুষ্ঠিত হচ্ছে। শনিবার রাত পোহালেই ১ বৈশাখ। বইপাড়ার ব্যবসায়ী-প্রকাশকরা এই মুহূর্তে দারুণ ব্যস্ত বাংলা নববর্ষকে স্বাগত জানাতে। অনেকে ই-আমন্ত্রণপত্র পাঠিয়ে দিয়েছেন শুভানুধ্যায়ীদের কাছে। পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিগন্ডের সভাপতি তথা ‘পত্রভারতী’-র কর্ণধার ত্রিদিবকুমার স্মৃতি। কারণ কলেজ স্ট্রিট অগের মতো, ‘বর্ষবরণের এই দিনে উদযাপন বাঙালির কাছে তাৎপর্যমণ্ডিত বিশেষত দুটি কারণে। এক, এটি সম্পূর্ণ ধর্মনিরপেক্ষ একটি উৎসব দুই, এই দিনটিতে জড়িয়ে আছে বাঙালির ব্যবসা। ব্যবসায়ী সম্প্রদায় এই বিশেষ দিনটি থেকেই গণেশ পুজো করে কালী-

একটি পরিসংখ্যান অনুযায়ী এ বছর জানুয়ারি থেকে এখনো পর্যন্ত সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু ঘটেছে চারজন মৎস্যজীবির। আর আহত হয়েছেন দুজন।তাঁর মধ্যে একজন মৎস্যজীবি ও একজন মউলে।

সুন্দরবনের বাঘের আক্রমণে ক্ষতিগ্রস্তদের পাশে থেকে দীর্ঘ দিন ধরে লড়াই করে চলেছে এপিডিআর নামে একটি মানবাধিকার সংগঠন। আর সেই সংগঠনের দক্ষিণ ২৪ পরগনা জেলার সহ সম্পাদক মিঠুন মন্ডল এদিন বলেন, সুন্দরবনে বাঘের সাথে লড়াই করে জীবন জীবিকা চালিয়ে যাচ্ছে সুন্দরবনের বহু গরীব মানুষ। বিকল্প কর্মসংস্থান না থাকায় আজ জীবন হাতে নিয়ে



তাঁরা জঙ্গলে যাচ্ছে। আর ক্রমাগত ক্ষতির মুখে পড়ছে।

সরকারি মছল পাশ নিয়ে জঙ্গলে গিয়েছিলো তপন খাঁড়া সহ চার জন মউলে।তাই অবিলম্বে সরকারের মউলের পাশে এসে দাঁড়ানো উচিত। আমাদের দাবি - ১) চিকিৎসার সমস্ত দায়িত্ব বিনামূল্যে সরকারি ভাবে করতে হবে।২) গুরুতর আহতদের ক্ষেত্রে রাজ্য সরকারের জয়েন্ট সেক্রেটারির ২০১৮ সার্কুলার অনুযায়ী ২ লক্ষ টাকা ক্ষতি পুরন দিতে হবে। ৩) আহতদের সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত সংসার চালানোর সমস্ত দায়িত্ব সরকারি কে নিতে হবে।নাহলে এদের পাশে থেকে আমাদের আন্দোলন চলাবে।

হুগলির শ্রীরামপুর আসনে বিজেপি ও তৃণমূলের মধ্যে জোর লড়াই

হুগলি, ১৩ এপ্রিল : হুগলি জেলার শ্রীরামপুর লোকসভা আসন দখল নিয়ে রাজনৈতিক লড়াই তীব্র হয়েছে। তৃণমূল কংগ্রেস এই লোকসভা আসন থেকে বিদায়ী সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী করেছে। যেখানে বিজেপি কবির শঙ্কর বোসকে এবং সিপিএম দীপশিতা ধরকে প্রার্থী করেছে।

রাজনৈতিক বিশেষজ্ঞরা মনে করছেন, গত লোকসভা নির্বাচনের মতো এবারও শ্রীরামপুরে জোর লড়াই হবে তৃণমূল কংগ্রেস ও বিজেপির

উত্তরপাড়ায় দিক্শিতা ধরের নির্বাচনী প্রচারে কংগ্রেসকে দেখা গেল না, সাংবাদিককে ছবি তুলতে বাধা



দূরন্ত বার্তা, উত্তরপাড়া হুগলি, ১৩ এপ্রিল : শ্রীরামপুর লোকসভা কেন্দ্রে কংগ্রেস সমর্থিত বাম প্রার্থী দিক্শিতা ধর হুগলির উত্তরপাড়ার মাখলার নির্বাচনী প্রচারে আসলেন শনিবার সকালে কিন্তু এই নির্বাচনী প্রচারে কংগ্রেসকে দেখা গেল না বলে সাধারণ মানুষের গুঞ্জন শোনা গেল। এই প্রসঙ্গে সিপিএমের প্রাক্তন বিষায়ক শ্রুতিনাথ প্রহরাজ জানানলেন জেলা নেতাদের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে আমরা কংগ্রেসকে জানিয়েছি। কিন্তু উত্তরপাড়ার টাউন কংগ্রেস সভাপতি কামাখ্যা নারায়ণ সিং জানিয়েছেন সবে খবর পেয়েছি সবাইকে জানাতে হবে একটু সময় তো লাগবে। আর তাছাড়া ওরা কংগ্রেস সমর্থিত কথাটা লিখবে সেটাই আমরা আশা করছি এবং সবাইকে খবর দেবো প্রচারে যাওয়ার জন্য একসঙ্গে যার জন্য কংগ্রেস কমিটি ব্রাভ্রুত হয়েছিল তাদের বক্তব্য ছিল আমরা এখনো খবর পাইনি। শনিবার সকালে উত্তরপাড়ার মাখলা বন্ধুমহল ক্লাবের সামনে থেকে কংগ্রেস সমর্থিত বাম প্রার্থী সিপিএমের দিক্শিতা ধর প্রচার শুরু করেন পাটি কর্মীরা ও নেতারা পাটির পতাকা নিয়ে নির্বাচনী প্রচার শুরু করলেন।উপস্থিত ছিলেন সিপিএমের প্রাক্তন সাংসদ শান্তশ্রী চ্যাটার্জি প্রাক্তন বিষায়ক শ্রুতিনাথ প্রহরাজ সহ নেতৃবৃন্দ ছিলেন তরুণ তরুণীরা নির্বাচনী। প্রচার বায় ঘোষপাড়া হয়ে মাখলা গভারমেন্ট কলেগনি হয়ে টি এন মুখার্জি রোড ধরে ২১ নম্বর ওয়ার্ড মাকালতলার দিকে যায় রাস্তার দুধারে সাধারণ মানুষের ভিড় দেখা যায়। প্রার্থী দিক্শিতা ধর আমজনতার দিকে হাত নাড়িয়ে দেন নমস্কার করেন । এদিকে সিপিএমের আমন্ত্রণে সাংবাদিক নির্বাচনী প্রচারের ছবি তুলতে গেলে সিপিএমের এক কর্মী সাংবাদিককে ধাক্কা মারে ছবি তুলতে বাধা দেয় হেনস্থা করে। প্রার্থী দিক্শিতা ধর বলেন কোলগর হিন্দুমোটর উত্তরপাড়ায় বেআইনি নির্মাণের বিরুদ্ধে আমাদের আন্দোলন লড়াই সাধারণ মানুষকে নিয়ে রমনাথপুরের জল সমস্যা পানীয় জল সমস্যা আমাদের লড়াই চোরাদের ও দুর্নীতিবাজ ও নানা কেসলেক্সরির বিরুদ্ধে সাধারণ মানুষকে নিয়ে। সাধারণ মানুষ এর জবাব দেবে সাধারণ মানুষ রাস্তায় নেমে পড়ছে।

সদর্থক আলোচনা শেষে বেলুড়ের শ্রমজীবী হাসপাতালে উঠল ধনী, আপাতত অবস্থান স্থগিত

দূরন্ত বার্তা, বেলুড , ১৩ এপ্রিল : সদর্থক আলোচনা শেষে বেলুড়ের শ্রমজীবী হাসপাতালে উঠল ধনী, আপাতত অবস্থান স্থগিত। প্রায় ৩৬ দিনের মাধ্যম অবশেষে ধনী উঠলো শ্রমজীবী হাসপাতালে। শনিবার জরুরি ভিত্তিতে বিশেষ সভা করে শ্রমজীবী হাসপাতাল সহযোগী মঞ্চ আপাতত অবস্থান স্থগিত করার সিদ্ধান্ত নেয়। হাসপাতাল সম্প্রদায়গের জন্য বন্ধ হইন্দো-জাপান কারখানার খাস জমি শ্রমজীবী হাসপাতালকে দেওয়ার বিষয়ে দীর্ঘদিন যাবৎ ভূমি দফতরের সঙ্গে আলোচনা চলছিল। বিষয়টিতে মুখামন্ত্রী হস্তক্ষেপ প্রার্থনা করে দ্রুত সমাধানের ব্যবস্থা এবং শ্রমজীবী হাসপাতালকে ওই খাস জমি দেওয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হয়। যাতে শ্রমজীবী হাসপাতাল ৩০০ বেডের একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তুলতে পারে। অবশেষে গত শুক্রবার ভূমি দপ্তরের আধিকারিকরা আলোচনায় বসেন। ১৩ এপ্রিল আনুষ্ঠানিক ঘোষণা করে ধনী স্থগিত করা হবে বলে জানা গেছে। শ্রমজীবী হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট ফণীগোপাল ভট্টাচার্য জানান, সরাসরি ভূমি দপ্তরের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। আমাদের এই আলোচনা সফল বলে মনে হয়েছে। আমাদের আন্দোলন চলাকালীন আমরা কখনও দিশা হারাইনি। এই আন্দোলনে যুক্ত শংকর কুমার সান্যাল জানান, শ্রমজীবী আন্দোলনে আমি ছোটবেলা থেকেই যুক্ত। এদের কমিটমেন্ট এবং ডেভিকেশন আমার ভাল লেগেছে। ভাল কাজের জন্য সাহায্যের প্রয়োজন। সেই জায়গায় দাঁড়িয়ে সরকারি আধিকারিকরা এগিয়ে এসেছেন তাতে আমরা খুব খুশি।

বহরের শেষ দিনে নদীয়ায় পথ অবরোধ সহ শান্তনু ঠাকুর, অমিত শাহ- এর কুশপুত্লিকা দাহের মাধ্যমে বিক্ষোভে মতুয়ারা



দূরন্ত বার্তা, নদীয়া, ১৩ এপ্রিল : সম্প্রতি লোকসভা নির্বাচনের দামামার মধ্যেই মতুয়াদের মধ্যে বিক্ষোভের আঁচ ছড়িয়ে পড়েছে। একাধারে যেমন ঠাকুর নগরে বড় মা-এর ঘরের দখল নিয়ে গিয়ে শান্তনু ঠাকুরের দরজায় লাথি মেরে তাল্লা ভাসার ঘটনা, আর তার রেশ কাটার আগেই রাজ্য সভার সাংসদ হিসেবে

অন্য রূপে বীরভূমের বক্রেশ্বরের বিজেপি প্রার্থী তথা দেবাশীষ ধরকে

দূরন্ত বার্তা, বীরভূম, ১৩ এপ্রিল : এদিন দেখা গেলো একদমই অন্য রূপে বীরভূমের বক্রেশ্বরের বিজেপি প্রার্থী তথা প্রাক্তন আইপিএস অফিসার দেবাশীষ ধরকে। ইতিমধ্যেই ১৮ তম লোকসভা ভোটের দামামা বেজে গিয়েছে গোটা দেশ জুড়ে। আগামী ১৯ এপ্রিল থেকে শুরু হচ্ছে লোকসভা নির্বাচন। ইতিমধ্যেই সমস্ত দলের প্রার্থীরা নেমে পড়েছে ভোটের ময়দানে। শুরু হয়ে গেছে জোরকদমে প্রচার কর্মসূচি। তারই মাঝে বঙ্গ রাজনীতিতে নতুন রাজনৈতিক পেক্ষাপট। এদিন প্রাক্তন আইপিএস অফিসার দেবাশীষ ধরকে ছটখোলা জিপে করে প্রচার সারতে দেখা গেলো। প্রতিটি এলাকা ঘুরে ঘুরে মানুষের সাথে জনসংযোগ বাড়াতেও দেখা যায়, গাড়ি থামিয়ে সাধারণ মানুষের সাথে কথা বলতেও দেখা যায় বিজেপি প্রার্থীকে। সূত্বে এবং শান্তিপূর্ণ ভোটদানের কথাও তার মুখ থেকে শোনা যায়। প্রতিমুহূর্তে দেখা যায় কখনো মন্দিরে পুজো দিতে কখনো এবার হট খোলা জিপে করে জনসংযোগ কর্মসূচি করতে।

রানাঘাটে ভেঙে পড়ল বিপজ্জনক বাড়ির কার্নিস, প্রাণ হারালেন সবজি ব্যবসায়ী

দূরন্ত বার্তা, নদীয়া, ১৩ এপ্রিল : নদীয়া জেলায় রানাঘাটে বাজারের মধ্যে বিপজ্জনক বাড়ির কার্নিস ভেঙে মৃত্যু হল এক সবজি ব্যবসায়ী। শনিবার সকাল সাড়ে ৬ টা নাগাদ ঘটনাটি ঘটেছে রানাঘাট পুরসভার ৪ নম্বর ওয়ার্ডের যদুনাক্ষ মার্কেটে। মৃতের নাম সত্যেন্দ্রনাথ কুন্ডু (৬২)। বাজারের একটি বন্ধ কাপড়ের দোকানের সামনে সবজি নিয়ে বসতেন ওই ব্যবসায়ী। তার বাড়ি ধানতলায়। এদিন সকাল সাড়ে সাতটা নাগাদ আচমকাই দোকানের কার্নিস ভেঙে ওই ব্যবসায়ীর মাথার ওপর পড়ে। হাসপাতালে নিয়ে গেলে ওই ব্যবসায়ীকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। এলাকায় পুরসভার তরফে থিরে রাখা হয়েছে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় সূত্রের খবর, গতবারের পুরবোর্ডের আমলে বাজারের ওই বাড়টিকে বিপজ্জনক ঘোষণা করা হয়েছিল। পুর নির্বাচনের পূর বোর্ড বাল্ল হলও, সেই নির্দেশ এখনও কার্যকর হয়নি। ফলে প্রশ্ন উঠছে, রানাঘাট পুরসভার ভূমিকা নিয়ে। বিপজ্জনক অংশ শনিবারই ভেঙে ফেলা হবে বলে জানিয়েছেন বর্তমান পুরপ্রধান।

বিভিন্ন দেবদেবীর ছবি নিয়ে জলপাইগুড়ি শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৩ এপ্রিল : শিব, দুর্গা, কালী, গণেশ, রাধা, কৃষ্ণের পাশাপাশি রাম, লক্ষ্মণ ও সীতার ছবি নিয়ে নির্বাচনী প্রচার মিছিল বের করা হল জলপাইগুড়ি শহরে। পুরসভার আট নম্বর ওয়ার্ডের তৃণমূল কমিটির পক্ষ থেকে বের হওয়া এই মিছিলে অংশগ্রহণ করেন এলাকার কয়েকশো মানুষ। বিভিন্ন দেবদেবীর ছবি নিয়ে জলপাইগুড়ি শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করে এই মিছিল। মিছিলের মূল উদ্যোক্তা জেলা তৃণমূল নেতা ও পুরসভার ভাইস চেয়ারম্যান সৈকত চ্যাটার্জি। শিব, দুর্গা, কালী, গণেশ, রাধা, কৃষ্ণের পাশাপাশি রাম, লক্ষ্মণ ও সীতার ছবি সহ বিভিন্ন দেবদেবীর ছবি নিয়ে নির্বাচনী প্রচার মিছিল বের করেছেন।

ষাঁড়েশ্বর মন্দিরে পুজো দিলেন সুজাতা

দূরন্ত বার্তা, বাঁকুড়া, ১৩ এপ্রিল : ষাঁড়েশ্বরের পবিত্র জলে স্নান করে, হাজার বছরের অধিক পুরনো মন্ত্র রাজাদের ঐতিহ্যবাহী ষাঁড়েশ্বর মন্দিরে



মহাদেবের আরাধনা করেন তৃণমূল প্রার্থী। কথা বলেন ভক্তদের সাথে।

১৭ ঘণ্টা পর উদ্ধার হল যুবকের দেহ

দূরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ১৩ এপ্রিল : দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট রকের ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের রঘুনাথপুর এলাকায় বান্ধবীর সঙ্গে বাঁশের সাকো পেঁচিয়ে গিয়ে বিপত্তি। যা হজকে স্টান নদীতে পড়লেন দুজনেই। যুবতীকে কোনরকমে বাঁচানো গেলেও, শেষ রক্ষা হল না যুবকের। দীর্ঘ ১৭ ঘণ্টা পর উদ্ধার হল যুবকের নিখর হেহ। শোকের ছায়া নেমেছে বালুরঘাট রকের ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের রঘুনাথপুর এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম তম্ময় ঘোষ (২৬)। সে পেশায় ল্যাব কর্মী। যুবতির বাড়ি শহরের এ কে গোপালন কলোনিতে। শুক্রবার সন্ধ্যায় বালুরঘাট রকের ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের রঘুনাথপুর এলাকায় আত্মেয়ী নদীর উপরে থাকা বাসের সামনে দিয়ে কালিকাপুরে দিকে হেঁটে যাচ্ছিল ওই যুবক যুবতী। হেঁটে যাওয়ার সময় পা হড়কে দুজনেই নদীতে পরে যায়। স্থানীয়রা তৎপরত ছুটে এসে কোনরকমে যুবতীকে উদ্ধার করলেও, রাতভর খোঁজাখুঁজি করেও খোঁজ মেলেনি যুবকের। শনিবার যুবকের দেহ উদ্ধার হয় আত্মেয়ী নদী থেকে। পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য বালুরঘাট জেলা হাসপাতালের পুলিশ মর্গে পাঠায়। মৃত্যুর কারণ নিয়ে তৈরি হয়েছে ঘোষণা। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

আর এর প্রতিবাদে থিকার জানিয়ে বিক্ষোভে ফেটে পরতে শুরু করেছে মতুয়ারা। আর বছরের শেষ দিনে নদীয়ার নবদ্বীপে পথ অবরোধ, সহ শান্তনু ঠাকুর, অমিত শাহ- এর কুশপুত্লিকা দাহের মাধ্যমে বিক্ষোভ প্রদর্শন করণ অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘ নবদ্বীপ ব্লক কমিটির সম্পাদক রণজিত মন্ডলের নেতৃত্বে। এদিন সকাল প্রায় পৌনে এগারোটায় নবদ্বীপ ব্লকের কানাইনগর বটতলায় নবদ্বীপ কৃষনগর রাজ্য সড়ক পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় তারা, পাশাপাশি অমিত শাহ, শান্তনু ঠাকুরের কুশপুত্লিকাও দাহ করে। আর এদিন মতুয়াদের বিক্ষোভে সাক্ষিল হয় এলাকার বহু সাধারণ মানুষও। পাশাপাশি এই বিক্ষোভে মতুয়াদের সমর্থনে তাদের পাশে এসে দাঁড়ায় নবদ্বীপের পৌরপতি বিমান কৃষ্ণসাহা, ব্লক তৃণমূল নেতৃত্ব কল্লোল কর সহ অনেকে। বিমানকৃষ্ণ সাহা বলেন, ভারতবর্ষ ধর্ম নিরপেক্ষ দেশ কিন্তু কেন্দ্রীয় সরকার এই বিষয়টি না মেনে সকলের ধর্মে আঘাত আনছে, আজ মতুয়া সমাজকে আঘাত এনেছে, তারা আজ রাস্তায় নেমে বিক্ষোভ দেখাচ্ছে, কারন তাদের ইষ্ট দেবতার অপমান হয়েছে গোটা মতুয়া সমাজের অপমান হয়েছে, পাশাপাশি তিনি এও বলেন এই কর্মসূচীর ফলে পথচলতি সাধারণ মানুষের কিছুটা অসুবিধা হচ্ছে, এর জন্য আমরা ক্ষমা প্রার্থী, কিন্তু আমরা এই দেশে কোন ভেদাভেদ চাই না, যে যার ইষ্ট দেবতাকে মানবে এটাই হওয়া উচিত। পাশাপাশি এদিনের কর্মসূচীর অন্যতম উদ্যোক্তা অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘ নবদ্বীপ ব্লক কমিটির সম্পাদক রণজিত মন্ডল জানান, সম্প্রতি শান্তনু ঠাকুরের কাণকলাপ সমাপ্তি তালের পাশে এর ওপর ঠাকুর নগরে হরি চাঁদ গুরু চাঁদ ঠাকুরের আসনের ফুলটিও তিনি সরিয়ে দিয়েছেন, আর মমতা বালা

প্রচারে বেরিয়ে বিক্ষোভের মুখে অধীর চৌধুরী, ‘গো ব্যাক’ স্লোগান তৃণমূল সমর্থকদের

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১৩ এপ্রিল : শনিবার বহরমপুর লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীকে লক্ষ্য করে ‘গো ব্যাক’ স্লোগান দেয় তৃণমূলের কর্মী সমর্থকরা। রাস্তায় বসে বিক্ষোভ দেখান তারা। অন্যান্য দিনের মতো শনিবারও বহরমপুরে ভোট প্রচারে বের হন অধীর চৌধুরী। এদিন সকাল ১০ টা নাগাদ বহরমপুরের গান্ধী কলোনি থেকে দলীয় নেতা - কর্মীদের নিয়ে অধীরাবাবু ভোট প্রচার করেন। বহরমপুর কান্দি বাসস্ট্যান্ড হয়ে বিটি কলেজের সামনে এসে কংগ্রেসের প্রচার শেষ হয়। সেই সময়ই কিছু তৃণমূল কর্মী সমর্থক অধীর চৌধুরীকে ঘিরে ‘গো ব্যাক’ স্লোগান দেয়। দুই দলের মধ্যে তাহাহাতিতে এলাকার উত্তেজনা ছড়িয়ে পড়ে। অধীরবাবুর অভিযোগ, তৃণমূলের কর্মী সমর্থকেরা মত্ত অবস্থায় ছিলেন। তিনি

নদীয়ায় বাজার থেকে চুরি গেলো লক্ষাধিক টাকার মাছ! ঘটনায় তীব্র চাঞ্চল্য এলাকায়

দূরন্ত বার্তা, নদীয়া, ১৩ এপ্রিল : এবার মাছ ব্যবসায়ীদের পেট থেকে চুরি গেলো লক্ষাধিক টাকার মাছ! আর বা থিরে তীব্র চাঞ্চল্য ছড়াল এলাকায়। এমনই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে নদীয়ার রানাঘাট আনুলিয়ার পঞ্চায়েত মাছ বাজারের। ব্যবসায়ীদের দাবি এই বাজারে প্রায় ৫০ থেকে ৬০ জন মাছ ব্যবসায়ী ব্যবসা করেন। পহেলা বৈশাখ উপলক্ষ্যে সেই কারণে ইলিশ, ভেটকি, চিতল চিড়ি সহ বহুমূল্যের মাছ আরত থেকে এনে পেটটিতে করে মজুদ করে রেখেছিলেন তারা। কিন্তু এদিন শনিবার সকালে ব্যবসায়ীরা মাছ বাজারে গিয়ে দেখেন একাধিক মাছ ব্যবসায়ীর পেট থেকে মাছগুলি চুরি করে নেয় দুক্খতীরা। মাছ ব্যবসায়ীদের দাবি চুরি যাওয়া মাহের মূল্য কয়েক লক্ষ টাকা। আর এই মাছ চুরির ঘটনায় ইতিমধ্যে

উঠতে শুরু করেছে একাধিক প্রশ্ন। একাধারে যেমন প্রশ্ন উঠছে মাছ বাজারে কি রাতে নাকি, পাশাপাশি চক্রান্ত করেই ঘটনো হলো এই চুরির ঘটনা? তুরি বের কিছ মাছ ব্যবসায়ীর অভিযোগ, বাজার থেকে তাদের উৎখাত করার জন্য এর আগে অনেকবার চেষ্টা



চালানো হয়, তাহলে কি এই চুরি চক্রান্ত করেই করা হলো। যদিও শনিবার একটু বেলা বাড়তেই ঘটনাস্থলে যায় পৌরসভার সোয়ারমন্ত্রী কুশল দেব বন্দ্যোপাধ্যায়, এছাড়াও যান ওই পঞ্চায়েতের প্রধান। তারা সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলে,

তৃণমূলের ঝান্ডা, নির্বাচনী প্রচারের ফ্ল্যাগ এবং ফেস্টুন ছিঁড়ে দেওয়ার অভিযোগ উঠলো বিজেপির বিরুদ্ধে

দূরন্ত বার্তা, মালদা, ১৩ এপ্রিল : লোকসভা ভোটের মুখে তৃণমূলের ঝান্ডা, নির্বাচনী প্রচারের ফ্ল্যাগ এবং ফেস্টুন ছিঁড়ে দেওয়ার অভিযোগ উঠলো বিজেপির বিরুদ্ধে। আর এই ঘটনার প্রতিবাদ জানিয়ে শনিবার পুরাতন মালদা থানার কালুয়াদীঘি এলাকার জামতলী মোড়ে রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় তৃণমূল নেতৃত্ব। কয়েক ঘণ্টা ধরে চলে এই অবরোধ বিক্ষোভ। তৃণমূল পরিচালিত পুরাতন মালদা পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শত্রুঘ্ন সিনহার নেতৃত্বেই শুরু হয় এই অবরোধ ও বিক্ষোভ। তাঁর সঙ্গে ছিলেন ১৯ নম্বর ওয়ার্ডের তৃণমূল দলের কাউন্সিলর বিশুজিত হালদার সহ দলের কয়েকশো নেতা কর্মীরা। এদিকে এই অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুরাতন মালদা থানার পুলিশ। পুলিশের সামনেই তৃণমূলের বাত্া, ফ্ল্যাগ, ফেস্টুন ছিঁড়ে দেওয়ার প্রতিবাদ জানিয়ে সোচ্চার হন দলের নেতা ও কর্মীরা। অবিলম্বে দুক্খতীদের প্রেস্তার করার দাবিও জানানো হয়। প্রায় দুই ঘণ্টা ধরে এই অবরোধ ও বিক্ষোভ চলে। পরে অবশ্য পুলিশি হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এদিকে তৃণমূলের নির্বাচনী প্রচার দলের ঝান্ডার ছিঁড়ে দেওয়ার ঘটনাকে ঘিরে পুরাতন মালদায় রাজনৈতিক তরঙ্গ শুরু হয়েছে। যদিও এই ঘটনায় তৃণমূলের বিরুদ্ধেই ভিত্তিহীন অভিযোগ তোলার দাবি করেছেন বিজেপির উত্তর মালদা সাংগঠনিক সভাপতি উজ্জ্বল দত্ত। স্থানীয় সূত্রে জানা গেছে, এদিন সকালে পুরাতন মালদা পুরসভা ৭ নম্বর ওয়ার্ডের বাচামারি পালপাড়া সহ

বিভিন্ন এলাকায় তৃণমূল কর্মীরা দেখতে পান তাদের দলের অসংখ্য ঝান্ডা নির্বাচনী প্রচারের ফ্রাগ এবং ফেস্টুন ছিঁড়ে ফেলা হয়েছে। কোথাও বড় বড় হোড়ি কেটে দেওয়া হয়েছে। আর এই ঘটনায় বিজেপি আশ্রিত দুক্খতীদের বিরুদ্ধে যুক্ত থাকার অভিযোগ জানিয়েই শুরু হয় রাজ্য সড়ক অবরোধ বিক্ষোভ। পুরাতন মালদা পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের তৃণমূল দলের কাউন্সিলর শত্রুঘ্ন সিনহা বলেন, এবারে উত্তর মালদা লোকসভা কেন্দ্রে পুরাতন মালদা বিধানসভা থেকে তৃণমূল খুব ভালো ফল করবে। আর সেই আতঙ্কেই বিজেপি এলাকায় সন্ত্রাস ছড়ানোর চেষ্টা চালাচ্ছে। অন্যান্যভাবে বিজেপি আশ্রিত দুক্খতীরা তৃণমূলের ঝান্ডা, নির্বাচনী প্রচারের ফ্ল্যাগ, ফেস্টুন সবই ছিঁড়ে দিয়েছে। সংশ্লিষ্ট ওয়ার্ডের বিভিন্ন এলাকায় গোটো রাত জুড়ে বিজেপি আশ্রিত দুক্খতীরা এই তাওব চালিয়েছে। এদিন সকালে এই ঘটনাটি জানার পরেই প্রতিবাদে সোচ্চার হয়। এরপরই সংশ্লিষ্ট এলাকার রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়েছে। পুলিশের কাছে আমরা অবিলম্বে দুক্খতীদের প্রেস্তারের দাবি জানিয়েছি। এদিকে তৃণমূলের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে পাল্টা দাবি করেছেন উত্তর মালদার বিজেপির সাংগঠনিক সভাপতি উজ্জ্বল দত্ত। তিনি বলেন, বিজেপি প্রার্থী খগেন মূর্মুর নির্বাচনী প্রচারে বিপুল পরিমাণ মানুষ জমায়েত হচ্ছে। এখন ওরা নির্বাচনে হাডের ভয়ে এই ধরনের মিথ্যা ষড়যন্ত্র করছে।

কিউআর কোড পেমেন্ট সুবিধা এখন মেট্রো স্টেশনের ট্যালেট এবং দোকানগুলিতে উপলব্ধ

কলকাতা, ১৩ এপ্রিল : মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষ মেট্রো দোকান যাত্রীদের অভিজ্ঞতা আরও উন্নত করতে বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। যাত্রী সুবিধায় যুক্ত হয়েছে একটি নতুন অনন্য দৈশিষ্ট্য। মেট্রো যাত্রীরা এখন তাদের স্মার্ট ফোন ব্যবহার করে কিউআর কোড পেমেন্ট সিস্টেমে মাধ্যমে অর্থপ্রদান করতে পারবেন এবং দক্ষিণপূর্ব মেট্রো স্টেশনে পে-এন্ড-ইউজ ট্যালেট পারেন এবং মেট্রো প্রাঙ্গনে লোকান থেকে কোকাটা করতে পারবেন। এই উদ্যোগ যাত্রীবোয় বিপ্লব ঘটাবে এবং সময় বাঁচাবে। যাত্রীদের সুবিধার্থে এবং ডিজিটলাইজড পেমেন্ট চালু করার জন্য, মেট্রো রেলওয়ে আজ থেকে দক্ষিণপূর্ব মেট্রো স্টেশনে পে-এন্ড-ইউজ ট্যালেটে কিউআর- কোডে পেমেন্ট সিস্টেম চালু করেছে। পে-এন্ড-ইউজ ট্যালেটে বসে, যাত্রীরা বিস্টিভালে প্রদর্শিত কিউআর কোডটি স্ক্যান করতে পারেন এবং তাদের পছন্দের ডিজিটাল পেমেন্ট গেটওয়ে বা পদ্ধতির (UPI বা ডেবিট / ক্রেডিট কার্ড) মাধ্যমে লেনদেনে সম্পূর্ণ করতে পারেন। এই কিউআর কোড ভিত্তিক পেমেন্ট সিস্টেমের বাস্তবায়ন নিরাপত্তা এবং স্বচ্ছতা নিশ্চিত করবে, যার ফলে ডিজিটাল ইন্ডিয়া উদ্যোগকে উৎসাহিত করবে। মেট্রো রেলের মূল্য জনসংযোগ আর্থিকর দ্বীর্ কৌশিক বিভাগে, এই উদ্যোগ যাত্রীদের চলমান নগদ বিমিষয় প্রক্রিয়াকে বাইপাস করে অনলহইনে তাদের অর্থপ্রদান করতে সাহায্য করবে এবং এটি যাত্রী এবং বিক্রেতা উভয়ের জন্য অনেক সময় বাঁচাবে। এমন উদ্যোগে যাত্রীরা খুশি।

ব্যক্তির বুলন্ত দেহ উদ্ধার, চাঞ্চল্য

দূরন্ত বার্তা, মালদা, ১৩ এপ্রিল : সাতসকালে আগাগুচ্ছে এক ব্যক্তির বুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল শনিবার। ঘটনাটি ঘটেছে চাঁচল থানার কলিগ্রামে বাস ডিপো লাগোয় একটি আমবাগানে। এদিন সকালে প্রাতঃভ্রমণকারীদের নজরে আসে বুলন্ত দেহটি। খবর পেয়ে চাঁচল থানার পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতের নাম সঞ্জয় মহালদার, বয়স ৩৮। পেশায় রাজমিস্ত্রী। পরিবারে রয়েছে স্ত্রী ও দুই পুত্র সন্তান। স্থানীয় সূত্রে জানা গেছে, সঞ্জয়বাবু বছর খানেক আগে দু’জনের শোয়ারে লটারির টিকেট প্রথম পুরস্কার হিসেবে এক কোটি টাকা পায়। তার মধ্যে লটারির নেশা ছিলই। এরমধ্যে ঋণ পরিশোধের জন্য চাপ দিতে থাকে সংশ্লিষ্ট ব্যাস্কের কর্মীরা। একাধিকবার বাড়িতে গিয়েও টাকার দাবি করেন ব্যাস্ক কর্তৃপক্ষ। ঋণদায়ে আত্মঘাতী নাকি অন্য কিছু সমস্‌টাই খতিয়ে দেখছে পুলিশ।

জমি বিবাদের জেরে দু’পক্ষের সংঘর্ষ, জখম ৪

দূরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১৩ এপ্রিল : উত্তর দিনাজপুরের চোপড়া থানার দাসপাড়া এলাকায় জমি বিবাদের জেরে দু’পক্ষের সংঘর্ষে জখম হলেন ৪ জন। শনিবার ঘটনাটি ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, জমির একাংশের মালিকানা নিয়ে স্থানীয় টোপার্গাও গ্রামের রফিকুল ইসলাম ও মজহারুলের পরিবারে বিবাদ ছিলই। এদিন একপক্ষ জমিতে গেলে অন্য পক্ষ পাশ পা দিয়ে আসে। পরস্পরের বিরুদ্ধে লাঠিসোটা নিয়ে হামলা ও পাশের হেঁড়ার অভিযোগ উঠেছে। ঘটনায় জখম ২ জনকে দলুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হয়েছে। কবিদের বাড়িতেই প্রাথমিক চিকিৎসা করা হয়। এদিন ঘটনাস্থলে চোপড়া থানার দাসপাড়া ফাঁড়ির পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

নাকা চেকিংয়ে উদ্ধার নগদ তিন লক্ষ টাকা

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৩ এপ্রিল : শিলিগুড়ির চেকপোস্টে নাকা চেকিংয়ের সময় নগদ তিন লক্ষ টাকা উদ্ধার করলো ভক্তিনগর থানার পুলিশ এবং এসএসটি টিম। জানা গেছে, শুক্রবার রাতে নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে ভক্তিনগর থানার পুলিশ এবং এসএসটি টিম চেকপোস্ট ট্রাফিক পর্যেট নাকা চেকিং করছিল। সেইসময় একটি চারাকা গাড়ি থেকে তিন লক্ষ টাকা উদ্ধার হয়। এই বিষয়ে গাড়িতে থাকা ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি সঠিক উত্তর দিতে পারেননি। পরে ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেওয়া হয়েছে। এদিকে তিন লক্ষ টাকা উদ্ধার হতেই তৎপর হয়েছে পুলিশ এবং নির্বাচন কমিশনের এসএসটি টিম। উল্লেখ্য, লোকসভা ভোটের ঘোষণা হতেই নির্বাচনী আদর্শ আচরণবিধি লালু হয়েছে। সেই অনুযায়ী কোন ব্যক্তি তার সঙ্গে নগদ ৫০ হাজারের বেশি টাকা রাখতে পারবেন না। কেউ এই নিয়ম আনান্য করলেই তার বিরুদ্ধে বিধি ভঙ্গের অভিযোগে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।


ভোট প্রচারে ছুটছেন বাম প্রার্থী দেবরাজ



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৩ এপ্রিল : হাতে সময় খুব কম আর মাত্র ভোটের পাঁচ দিন বাকি। আগামী ১৭ এপ্রিল জলপাইগুড়িতে ভোট। ঢাক-ঢোল সহযোগে ভোট প্রচারে ছুটছেন জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বাম প্রার্থী দেবরাজ। জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বাম প্রার্থী দেবরাজ বর্মনের সমর্থনে নেতাকর্মীরা শনিবার ভোট প্রচারে নগর ভাণ্ডারায় এলাকায় নির্বাচনী প্রচারে বেরিয়ে পড়েছেন। হাটে-বাজারে বিভিন্ন দোকানে অলিতে - গলিতে জনসংযোগে কংগ্রেস সমর্থিত বামফ্রন্ট মনোনীত জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের প্রার্থী দেবরাজ বর্মন।

ডিজিটাল যুগে হালখাতা হারাচ্ছে কৌলিন্যতা

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৩ এপ্রিল : হালখাতা একসময় ছিল নস্টালজিয়া, হালখাতার হাত ধরে আগমন হতো বাঙালির পয়লা বৈশাখের। ৫০-৬০,৭০ ৮০, ৯০ দশকে হালখাতাই ছিল পয়লা বৈশাখের মূল মন্ত্র। প্রায় প্রত্যেকটি দোকান প্রচলন ছিল এই হালখাতার। তবে কালের নিয়মে যুগের নিয়মে হা ল খা ত া র কৌলিন্য হারিয়ে গেছে। এই মোবাইল ডিজিটাল এর যুগে ক্রমশই বাতিলের খাতায়



ভাগীরথী নদীতে অপ্রীতিকর ঘটনা এড়াতে কিউ আর টি’র অস্থায়ী শিবির

দূরন্ত বার্তা, নবদ্বীপ, ১৩ এপ্রিল : ভাগীরথী নদীতে অপ্রীতিকর ঘটনা এড়াতে জেলাশাসকের নির্দেশে দেয়ারাপাড়া গঙ্গার ঘাটে শনিবার থেকে শুরু হল দুর্যোগ মোকাবিলা দপ্তরের অস্থায়ী শিবির। শনিবার দুপুরে নদীয়ার কাগো এখন হালখাতার প্রচলন ধীরে ধীরে কমছে। আগের মত সেই রকম অর্থ আর বিক্রি হয় না। বিক্রি হচ্ছে কিন্তু আগে যে চাহিদা ছিল সেই চাহিদা আর এখন নেই। কালের নিয়মে শুধু হালখাতা নয় অনেক কিছুই হারিয়ে জেতে বসেছে। ডিজিটাল যুগের কারণে পুরনো জিনিসগুলি ক্রমশঃ ব্রাতা হয়ে পড়েছে। উল্লেখযোগ্য এই হালখাতা, এক সময় হালখাতার প্রচলন ছিল গ্রামেগঞ্জ থেকে শহরায়ফলে। পয়লা বৈশাখের আগে হালখাতা কেনে বসার জন্য হালখাতা কিনবার জন্য লম্বা লাইন থাকতো। এখন সবকিছুই ঘনো অতীত, আর একদিন পরেই বাংলার নববর্ষ কিন্তু সেই অর্থে হালখাতার বিক্রি নেই।

বিজেপিকে কোনো ফ্যাক্টর না, বললেন আশীষ বন্দ্যোপাধ্যায়



দূরন্ত বার্তা, বোলপুর, ১৩ এপ্রিল : বিজেপি বীরভূমের দুটি লোকসভায় আদতে কোনো ফ্যাক্টর না। শনিবার বোলপুরে বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিধানসভার ডেপুটি স্পীকার বললেন। এদিন গীতাজ্জলীতে বেলা ১১ টা থেকে বোলপুর লোকসভা দলীয় কর্মীদের নিয়ে বিশেষ বর্ধিত বৈঠক হয়। শুক্রবার বীরভূম লোকসভার এই কর্মিটির এই বর্ধিত বৈঠক অনুষ্ঠিত হয় সিউড়িতে। বৈঠকে উপস্থিত ছিলেন ডেপুটি স্পীকার এলীষ বন্দ্যোপাধ্যায়, মন্ত্রী চন্দ্রনাথ সিনহা, বিকাশ রায়চৌধুরী, অভিজি সিনহা, কাজল সেন, বোলপুর লোকসভার বিধায়ক, ব্লক সভাপতি, শহর সভাপতি ছাড়াও অঞ্চল সভাপতি, পঞ্চায়েত প্রধান এবং উপপ্রধান নের এই বিশেষ বর্ধিত সভায় ডাকা হয়। আশীষ বন্দ্যোপাধ্যায় বলেন, নির্বাচনের ঘট্টা বেজে গেছে। আমরা প্রস্তুত। এ পর্যন্ত কর্মীদের বা বলা হয়েছে এবং এরপর কী কী করণীয় বা করতে হবে বৈঠকে তা সবই আলোচনা হয়েছে। বৈঠক শেষে আশীষ বন্দ্যোপাধ্যায় বলেন, বিজেপিকে আমরা ধর্তব্যের মধ্যে রাখছি না।

ট্রেন থেকে পড়ে গিয়ে মৃত্যু যাত্রীর

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৩ এপ্রিল : ট্রেনে বাথরুম করতে গিয়ে দরজা দিয়ে নিচে পড়ে মৃত্যু হল এক বয়স্ক ব্যক্তির। জানা গেছে, মৃত ওই বয়স্ক ব্যক্তির নাম ধয়ানি গিরি (৭৪)। তার বাড়ি বিহারের গোপালগঞ্জ জেলায়। রেল পুলিশ সূত্রে জানা গেছে, আগরতলা স্পেশাল ট্রেনে গাজীপুর থেকে বদর পূর যাওয়ার সময় গভীর রাতে নিউ ময়নাগুড়ি জিআরপি থানার অন্তর্গত ধৃণগুড়ি স্টেশন সংলগ্ন খলই গ্রাম স্টেশনের পাশে বাথরুম করতে গিয়ে পড়ে যান ওই ব্যক্তি। সাথে থাকা তার নাতি বিষয়টি বুঝতে পেরে পার্শ্ববর্তী স্টেশনে রিপোর্ট করেন। জি আর পি থানা এবং রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছে হেহ উদ্ধার করেন। কিন্তু হাসপাতালে নিয়ে গেলে উদ্ধার করতে পারেননি। ময়নানগুড়ি জিআরপি থানা। শনিবার মৃতদেহটি ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মর্গে পাঠিয়েছে বলে জানা গেছে।

রক্তাক্ত অবস্থায় উদ্ধার যুবক, তদন্তে পুলিশ

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১৩ এপ্রিল : মুর্শিদাবাদ জেলার বড়ঞায় রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হল এক যুবককে। শুক্রবার রাতে বড়ঞা থানার অন্তর্গত কুলি গ্রামের কাছে ওই যুবককে রাস্তার পাশ থেকে উদ্ধার করা হয়। নূর হোসেন শেখ নামে ওই যুবকের বাড়ি নিকটবর্তী বধূয়া গ্রামে বলে জানা গেয়েছে। রাতে স্থানীয় বাসিন্দারা ওই যুবককে আশপাশকার অবস্থায় বহরমপুর সুলতানপুর রাজ্য সড়কের কাছ থেকে উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে ভর্তি করেন। যুবককে মারার করার পাশাপাশি মাথায় ভারী কোনও বস্তু দিয়ে আঘাত করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

 মেট্রো রেলওয়ে, কলকাতা
ইস্ট-ওয়েস্ট মেট্রোর গ্রীন লাইন ১-এর ১৫.০৪.২০২৪ (সোমবার) তারিখ থেকে কার্যকর নতুন সময়সূচি (সন্টলেক সেক্টর V থেকে শিয়ালদহ-এর মধ্যে) প্রথম পরিষেবা শুরু হবে শিয়ালদহ থেকে সকাল ৬.৫৫ মিনিটে (অপরিস্রবিত) এবং সন্টলেক সেক্টর V থেকে সকাল ৭.০০ টার পরিবর্তে সকাল ৭.০৫ মিনিটে। উভয় প্রান্ত থেকে শেষ পরিষেবার সময়সূচি অপরিস্রবিত থাকবে। সন্টলেক সেক্টর V থেকে শিয়ালদহে অভিমুখে ২০ মিনিটের পরিবর্তে ১৮ মিনিট অন্তর ও শিয়ালদহ থেকে সন্টলেক সেক্টর V অভিমুখে ২০ মিনিটের পরিবর্তে ১৭ মিনিট অন্তর ট্রেন চলাচল করবে। শনিবারগুলিতে ট্রেন পরিষেবা বর্তমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে। ডিজিটাল চিক অ্যাপারেশন সন্মানেজার আমাদের অনুরণন করুন 📺/metrorailwaykol 📱/metrorailkolkata

খাওয়া-দাওয়া

পয়লা বৈশাখে কেউ যদি পান্তাও খেতে চান, তবে সেটির সঙ্গে ভর্তা বেশ ভালোই লাগবে

গরম ভাতের সঙ্গে ভর্তা পেলে সত্যিই কি আর কিছু লাগে। আবার পয়লা বৈশাখে কেউ যদি পান্তাও খেতে চান, তবে সেটির সঙ্গে ভর্তা বেশ ভালোই লাগবে। হাতের কাছে থাকা উপকরণ দিয়েই কিন্তু তৈরি হতে পারে নানা ধরনের সুস্বাদু ভর্তা।

উপকরণ : আলুর খোসা ২ কাপ (লাল আলু হলে ভালো হয়), মাঝারি আকারের টমেটো ২টি, পেঁয়াজকুচি ২ টেবিল চামচ, রসুনকুচি ২ টেবিল চামচ, শুকনা মরিচ ৪ থেকে ৫টি, লবণ স্বাদমতো, তেল ১ টেবিল চামচ, সেন্দ আলু চটকানো আধা কাপ, বেরেক্তা ৩ টেবিল চামচ ও শর্ষের তেল ২ টেবিল চামচ।



প্রণালিঃ আলু ভালো করে ধুয়ে পুরে ও মোটা করে খোসা ছিলে নিন। তেল গরম করে পেঁয়াজ, রসুন, মরিচ লাল করে ভেজে আলুর খোসা ও টমেটো দিয়ে কিছুক্ষণ নাড়াচাড়া করুন। এবার ২ কাপ

উপকরণ : মাছ ২৫০ গ্রাম, পেঁয়াজ কুচি আধা কাপ, কাঁচা মরিচ ৫৬টি, রসুন ৫ কোয়া, ধনে পাতাকুচি ২ টেবিল চামচ, লবণ পরিমাণমতো ও শর্ষের তেল ১ টেবিল চামচ।

প্রণালি : প্রথমে মাছের মাথা আলাদা করুন। এবার মাছগুলো পরিষ্কার করে ধুয়ে কুচি বরিয়ে অল্প লবণ ছিটয়ে দিন। ঢুলায় শুকনা তাওয়ায়

মাছগুলো ঢাকনা দিয়ে ঢেকে দিন। অল্প আঁচে ২ পিঠি ছেঁকে নিতে হবে। মাছের কাঁটা বেছে এবার সব উপকরণ একসঙ্গে মেখে ভর্তা বানাতে হবে।

কালিজিরাভর্তা

উপকরণ : কালিজিরাগুঁড়া ২ টেবিল চামচ, পেঁয়াজকুচি আধা কাপ, রসুন কোয়া ৫টি, শুকনা মরিচ ২টি, ধনে পাতাকুচি ২ টেবিল চামচ, শর্ষের তেল ১ টেবিল চামচ ও লবণ পরিমাণমতো।

প্রণালিঃ কালিজিরা টেলে গ্রাইন্ডার বা শিলপাটায় গুঁড়া করে নিন। এবার শুকনা মরিচ ও রসুন শুকনা খোলায় টেলে নিয়ে সব উপকরণ দিয়ে মেখে নিলেই তৈরি হবে কালিজিরা ভর্তা।

এখ নিমেশে বানিয়ে ফেলুন গাজরের পায়েস



উপকরণ : তরল দুধ দেড় লিটার, সাবুদানা ১০০ গ্রাম, গাজরকুচি ১ কাপ, চিনি স্বাদমতো, এলাচিগুঁড়া চাচামরের তিন ভাগের এক ভাগ, বাদামকুচি ও জাফরান সাজানোর জন্য।

প্রণালিঃ সাবুদানা জলেতে ধুয়ে ১ ঘণ্টা ভিজিয়ে রাখুন। প্যানে দুধ আর গাজর দিয়ে সেন্দ করে নিতে হবে। গাজর সেন্দ হয়ে দুধ একটু ঘন হলে চিনি দিন। চিনি গলে গেলে জলেতে ভেজানো সাবুদানা দিন। সাবুদানা স্বচ্ছ হয়ে আসা পর্যন্ত রান্না করুন। তারপর তাতে এলাচির গুঁড়া মিশিয়ে নামিয়ে নিতে হবে। ঠান্ডা হওয়ার পর এই পায়েস আরও খানিকটা ঘন হয়ে আসবে। এরপর পরিবেশন পাড়ে নামিয়ে ওপরে পছন্দমতো বাদাম, জাফরান ছড়িয়ে ঠান্ডা করে পরিবেশন করুন।

টোস্টের গুঁড়া দিলেই বদলে যাবে রোলের স্বাদ



উপকরণ : টোস্ট বিস্কুটের গুঁড়া দেড় কাপ, কনডেন্সড মিল্ক আধা কাপ, তরল দুধ ২ টেবিল চামচ, হুইপড ক্রিম ১ কাপ।

প্রণালিঃ টোস্ট বিস্কুটের গুঁড়ার সঙ্গে তরল দুধ ও কনডেন্সড মিল্ক মিশিয়ে হো তৈরি করুন। বাটার পেপারের ওপর ধো রাখুন। ওপরে আরেক টুকরা বাটার পেপার রেখে রুটি বেলে নিন। এবার ক্রিম দিয়ে দিন। বিস্কুটের গুঁড়ায় রুটি রোল করে নিন। নরমাল ফ্রিজে এক ঘণ্টা রেখে দিন। ফ্রিম জমে গেলে কেটে পরিবেশন করুন।

উত্তর-পূর্ব রেলওয়ে চরম গরমের পরিপ্রেক্ষিতে সমস্ত স্টেশনে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করেছে

গোরখপুর, ১৩ এপ্রিল : ভ্রমণের সময় যাত্রীদের সুবিধাজনক এবং আরামদায়ক ভ্রমণের অভিজ্ঞতা প্রদানের জন্য, এই রেলওয়ের তিনটি বিভাগের বিভিন্ন স্টেশনে যাত্রীদের ঠান্ডা পানীয় জলের ব্যবস্থা করার জন্য মোট ২৩৭টি জলের কুলার দেওয়া হয়েছে, যার মধ্যে ৮৫টি বারাগানী বিভাগের মধ্যে, ৭৭টি ইজ্জনগর বিভাগের অধীনে এবং ৭৫টি লখনউয়ের অধীনে স্থাপন করা হয়েছে একইভাবে, যাত্রীদের চাহিদা অনুযায়ী সস্তা, সহজলভ্য

এবং বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে, লখনউ বিভাগের গোরখপুর জংশনের মতো বড় স্টেশনগুলি ১০ এ, বাস্তি স্টেশন ০১ এ, লখনউ জং. গোন্ডা স্টেশনে ০৪টি, গোন্ডা স্টেশনে ০৬টি এবং খলিলাবাদ স্টেশনে ০১টি সহ মোট ১৯টি জল ভেন্ডিং মেশিন স্থাপন করা হয়েছে বারাগানী বিভাগের ছাপরা জংশন ০৪ এ, সিওয়ান জং. ০৩ এ, দেওরিয়া সদর স্টেশন ০২ এ, ভাটনী জং. ০১ বালিয়া স্টেশনে, ০২ মাইট জং-এ গাজিপুর সিটি স্টেশনে ০২,

আজমগড় স্টেশনে ০১, বানারস স্টেশনে ০২, বারাগানী সিটি স্টেশনে ০২, বেলথারা রোড স্টেশনে ০১, সালেমপুর জং ০১ এ, কাপ্তানগঞ্জ জং. ০১ এ, তাওয়া ০১টিসহ মোট ২৫টি ওয়াটার ভেন্ডিং মেশিন স্থাপন করা হচ্ছে এসব ওয়াটার ভেন্ডিং মেশিনের মাধ্যমে রেল যাত্রীরা সস্তায় আরও জল পেতে পারেন জল সরবরাহ করা হচ্ছে, যেমন- ৩০০ মিলি গ্লাস 'টাকা ২- (রিফিল) এবং ৩- (কস্টেইনার সহ), ১২ লিটারের বোতল টাকা

৩- (রিফিল) এবং ৫- (পাড়া সহ), ০১ লিটারের বোতল ৫ টাকা - (রিফিল) এবং ৮- (কস্টেইনার সহ), ০২ লিটারের বোতল ৮- (রিফিল) এবং ০৫ লিটারের বোতল ২০- (রিফিল) এবং ২৫- (কস্টেইনার সহ)।এই ধারাবাহিকতায়, ১৩ এপ্রিল, ২০২৪ থেকে ইজ্জনগর রেলওয়ে স্টেশন থেকে উত্তর পূর্ব রেলওয়ে ভারত স্ট্রাউটস এবং গাইডের সদস্যদের দ্বারা একটি বিনামূল্যে জল পরিষেবা শিবিরের আয়োজন করা হয়েছিল।

হতিশগড় থেকে কংগ্রেস ডাইনোসরের মতো বিলুপ্ত হয়ে যাবে : রাজনাথ

দাশ্তেওয়াড়া, ১৩ এপ্রিলঃ নির্বাচনের পর হতিশগড় থেকে কংগ্রেস ডাইনোসরের মতো বিলুপ্ত হয়ে যাবে, এই মন্তব্য করেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি শনিবার হতিশগড়ের বস্তুরে বিজেপি প্রার্থী মহেশ কাশ্যপের সমর্থনে দাশ্তেওয়াড়া জেলার গিদামে একটি নির্বাচনী জনসভায় ভাষণ দেন। তিনি ভাষণে একথা বলেন। রাজনাথ সিং এদিন আরও বলেন, এই নির্বাচনের পর কংগ্রেসও হতিশগড় থেকে মুক্তি পাবে। ডাইনোসর যেমন পৃথিবী থেকে বিলুপ্ত হয়েছে, কংগ্রেসও বিলুপ্ত হবে। তিনি আরও বলেন, গোটা হতিশগড় এই সময়ে বলছে- আমছো সরকার, আমছো মৌদি, আমছো বিজেপি, এটা হতিশগড়ের মানুষের আওয়াজ। যখনই হতিশগড়ে কংগ্রেস সরকার আসে, কেলেকারির ছড়াছড়ি হয়। তিনি বলেন, গতবার আপনারা হতিশগড়কে কংগ্রেস সরকার গঠন করেছিলেন, তারপর এখানে গোথান কেলেকারি এবং গোবর কেলেকারি হয়। কংগ্রেসের কেলেকারির ইতিহাস রয়েছে এবং তাঁরা কেলেকারির পর কেলেকারি করে দেশে কেলেকারির বন্যা তৈরি করেছিল।

ইডি হেফাজতে ভয় দেখিয়ে স্বীকারোক্তি নেওয়া হয়েছে কোর্টে দাবি শাহজাহানের

কলকাতা, ১৩ এপ্রিল : ইডি হেফাজতে ‘জোর করে’ বয়ান লেখানো হয়েছে তাঁকে! এই মর্মেই অভিযোগ তুলে আদালতে আবেদন জানানেন সন্দেহখালিকাণ্ডে ধৃত শাহজাহান শেখ। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে শাহজাহান যে বয়ান দিয়েছেন, তা-ও তিনি প্রত্যাহার করতে চাইছেন বলে শাহজাহানের আইনজীবী জাকির হুসেন শনিবার ব্যাঙ্কশাল আদালতে জানিয়েছেন। উল্লেখ্য, এর আগে নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত বলাগড়ের যুবনেতা কুন্তল ঘোষ এবং রেশন দুর্নীতি মামলায় ধৃত শঙ্কর আচ্যও একই অভিযোগ তুলেছিলেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার বিরুদ্ধে। শনিবার সন্দেহখালি মামলার শুনানি ছিল ব্যাঙ্কশাল আদালতে। শুনানি চলাকালীন ব্যাঙ্কশাল আদালতে শাহজাহানের বিচার বিভাগীয় হেফাজত চেয়ে আবেদন জানান ইডির আইনজীবী অরিজিৎ চক্রবর্তী। তাঁর দাবি ছিল, এই মামলায় কারা সাক্ষী দিয়েছেন, তা শাহজাহান জানেন। তাই



এখন যদি শাহজাহানকে মুক্তি দেওয়া হয়, তা হলে মামলায় অসুবিধা হতে পারে। শাহজাহানের আয়-বহির্ভূত অনেক সম্পত্তি রয়েছে বলেও আদালতে জানান কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী। সেই সময়েই আদালতে একটি হাতে লেখা কাগজ তুলে ধরেন শাহজাহানের আইনজীবী জাকির। তিনি আদালতে জানান, ওই কাগজে শাহজাহানের বয়ান রয়েছে এবং তিনি তা আদালতে জানাতে চান। শাহজাহানের

আইনজীবী আদালতে দাবি করেন, ইডি হেফাজতে শাহজাহানকে ভয় দেখিয়ে জোর করে বয়ান লেখানো হয়েছিল। হুমকি দেওয়া হয়েছিল, ওই বয়ান না দিলে তাঁকে, তাঁর পরিবারকে মাদক এবং মহিলা পাচার মামলায় জড়িয়ে দেওয়া হবে। এর পরেই শাহজাহান বয়ান দেন। তবে এখন শাহজাহান ইডিকে দেওয়া তাঁর বয়ান প্রত্যাহার করতে চান বলেও আদালতে আবেদন (রিট্রাক্শন পিটিশন) জানিয়েছেন তাঁর আইনজীবী জাকির।

লোকসভা নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে দুই মন্ত্রী সুশান্ত ও রতনলালের রেলি

আগরতলা, ১৩ এপ্রিল : ত্রিপুরা আসন্ন লোকসভা নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে। নির্বাচনী লড়াইয়ের ময়দান ইতিমধ্যেই উত্তপ্ত হয়ে উঠেছে। বিজেপি নিজেকে পরিবর্তন ও উন্নয়নের প্রতীক হিসাবে প্রচার করছে। বিরোধী সিপিএম এবং কংগ্রেস জোট গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠার জন্য শাসক দলকে ক্ষমতা থেকে হটিয়ে দেওয়ার দাবি করছে। সিপিআই-এম এবং কংগ্রেস জোটকে কটাক্ষ করে, ত্রিপুরার পরিবহন ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আইএনডিআইএ ব্লককে দিশা হাড়া লক্ষ্যহীন ভেড়া বলে অভিহিত করেছেন। আসন্ন লোকসভা নির্বাচনের পাশাপাশি রামনগর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য বিজেপি মেনোনীত প্রার্থীদের সমর্থনে রেলি করার সময় তিনি শনিবার সাংবাদিকদের কাছে এই বক্তব্য রাখেন। শত শত দলীয় কর্মী এবং সমর্থকদের নিয়ে মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ, ত্রিপুরার বিজেপি সাধারণ সম্পাদিকা পাণিয়ার দত্ত রামনগর উপনির্বাচনের বিজেপি প্রার্থী দীপক

মজুমদার এবং বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে রেলি করেছেন। রেলিটি প্রগতি স্কুল চত্বর থেকে শুরু হয়ে রামনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন পথ ঘুরেছে। সুশান্ত চৌধুরী তার ভাষণে প্রায় ২৫ বছরের দীর্ঘ মেয়াদে কমিউনিস্টদের ‘দুর্নীতি ও সহিংসতার’ কড়া সমালোচনা করেন। তিনি বলেন, আমরা বিস্মিত এবং লজ্জিত। বহু বছর ধরে কৃষ্ট ও নিপীড়নের জন্য দায়ী সিপিআই-এম-এর সাথে হাত মেলাবার জন্য। কমিউনিস্টরা সর্বদা সহিংসতার জন্য পরিত্রা এবং রাজ্যে কংগ্রেসের অনুগতদের হামলার সম্মুখীন হতে হয়েছিল। নিহত হয়েছিলেন বহু কংগ্রেস নেতা কর্মী, বহু বাড়িঘরে আগুন দিয়েছিল। সেই তাদের একমাত্র আয়েজ্ঞা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ক্ষমতা থেকে উৎখাত করা যেখানে বিজেপি দেশের সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।

হোটবেলার সেইসব স্মৃতি মনকে ভীষণ ভাবে টানে ডঃ সোমা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১২ এপ্রিল : ‘‘পয়লা বৈশাখ বাঙালির এক অনন্য উৎসব। অতীতকে বিদায় জানিয়ে নবীনকে আলিঙ্গন করা। বাংলা নববর্ষে বিশিষ্ট লেখিকা-গবেষক ও শিক্ষাবিদ সোমা বন্দ্যোপাধ্যায়ের আবেগ ফুটে উঠল তাঁর স্মৃতিচারণে। তিনি জানান, ‘‘আশৈশব বাংলার বাইরে কাটিয়েছি, বাবার সীমা সড়ক সংগঠন-এ কর্মসূত্রে। বিশেষ করে সীমান্ত প্রদেশে। তাই পয়লা বৈশাখ আমার কাছে কখনো বৈশাখী (পাঞ্জাবি মতে), কখনো বিসু (কেরলে), কখনো বিহু (আসামে), গুডি পরবা (মহারাষ্ট্রে) ! যেখানে থেকেছি, সেখানকার মানুষের সঙ্গে তাদের রীতি- রেওয়াজ অনুযায়ী বৈশাখ-উদযাপনে शामिल হয়ে, নিমেষমিশে একাকার হয়ে গেছি।

Name Change
I AJIT DAS, S/O PRAFULLA CHANDRA DAS, R/O SANKHO OI MILL NASIR AVENUE, R. I. P. POLT DURGAPUR, PS NEW TOWNSHIP, PASCHIM BARDHAMAN, PIN-713212, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AJIT CHANDRA DAS. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 12/04/2024, THAT AJIT DAS AND AJIT CHANDRA DAS ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I VISHALDEEP SINGH, S/O HIRA SINGH, R/O BANKRA SOUTH DUMDUM, PS AIRPORT, NORTH 24 PARGANAS, PIN-700051, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS VISHALDEEP SINGH GILL. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 12/04/2024, THAT VISHALDEEP SINGH GILL AND VISHALDEEP SINGH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SABYASACHI DE, S/O SATYENDRA NATH DEY, R/O 4/27, CHANDITALA LANE ALOKA APARTMENT, PO REGENT PARK, PS REGENT PARK, KOLKATA -700040, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SABYASACHI DEY. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 12/04/2024, THAT SABYASACHI DE AND SABYASACHI DEY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I KUSHAL JAIN, S/O DEEPAK KUMAR JAIN, R/O 110B, NARKELDANGA MAIN ROAD, FLAT 1D, PS PHOOLBAGAN, KOLKATA -700054, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS KUSHAL KUMAR JAIN. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 12/04/2024, THAT KUSHAL JAIN AND KUSHAL KUMAR JAIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SHUVENDU DAS, S/O- ANANDA MOHAN DAS, R/O- VILL-NATSHAL, PS- MAHISHADAL, EAST MEDNIPUR- 721603, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHUBHENDU DAS. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 12/04/2024, THAT SHUVENDU DAS AND SHUBHENDU DAS ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I ASHIS KUMAR ROY, S/O- RABINDRA KUMAR ROY, R/O- 21/A, HARI MOHAN ROY LANE, TANGRA, KOLKATA-700015, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ASISH ROY. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/04/2024, THAT ASHIS KUMAR ROY AND ASISH ROY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
